গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১অধিশাখা

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানি মার্চ/২০১৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মনোয়ার ইসলাম, এনডিসি সচিব
সভার তারিখ	:	১৩-০৫-২০১৫খ্রিঃ
সভার সময়	:	সকাল ১১.০০ টা।
সভার স্থান	:	বিদ্যুৎ ভবনস্থ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট ‘ক’

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি বিদ্যুৎ বিভাগে নবযোগদানকৃত অতিরিক্ত সচিব জনাব মোঃ জাকির হোসেন স্বাগত জানান এবং সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধানদের সাথে পরিচয় করিয়ে দেন। জনাব মোঃ জাকির হোসেন সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত-সচিব (প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এতে কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্যসূচি-০২ Annual Performance Agreement

আলোচনাঃ গত ০৯-০৩-২০১৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে বিদ্যুৎ বিভাগের Annual Performance Agreement স্বাক্ষরিত হয়। তার ধারাবাহিকতায় গত ১৩-০৪-২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগের সাথে আওতাধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানির Annual Performance Agreement স্বাক্ষরিত হয়েছে। Annual Performance Agreement স্বাক্ষরিত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামী ২৪-০৫-২০১৫ তারিখের পূর্বে Annual Performance Agreement চূড়ান্ত করার জন্য নির্দেশনা দেয়া হয়। এ বিষয়ে মহাপরিচালক, পাওয়ার সেলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। সকল সংস্থা/কোম্পানিকে উর্ধ্বতন হতে নিম্ন পর্যন্ত সকল কর্মকর্তার সাথে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতঃ Annual Performance Agreement স্বাক্ষর করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিকে Annual Performance Agreementএর লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য কঠোর নির্দেশনা প্রদান করেন। দপ্তর/সংস্থা/কোম্পানিকে Annual Performance Agreement এর সকল Indicator এর লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং অগ্রগতি নির্ধারিত ছক প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ (ক) দপ্তর/সংস্থা/কোম্পানিকে Annual Performance Agreement এর সকল Indicator এর লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং অগ্রগতি নির্ধারিত ছকে প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।

(খ) আগামী ২৪-০৫-২০১৫ তারিখের পূর্বে ২০১৫-১৬ অর্থ বৎসরের Annual Performance Agreement চূড়ান্ত করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক, পাওয়ার সেল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) সকল সংস্থা/কোম্পানি উর্ধ্বতন হতে নিম্ন পর্যন্ত সকল কর্মকর্তার সাথে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতঃ Annual Performance Agreement স্বাক্ষর করবে।

বাস্তবায়নঃ সকল সংস্থা/কোম্পানি।

আলোচ্যসূচি-০৩ নতুন বিদ্যুৎ সংযোগ

বিদ্যুৎ বিতরনী সংস্থা/কোম্পানীর শ্রেণীওয়ারী নতুন সংযোগের তথ্যঃ (এপ্রিল/২০১৫)

সংস্থা/ কোম্পানি	বিবেচ্য মাসের		২০০৯ সাল হতে				বিবেচ্য মাসে বরাদ্দকৃত লোড (কিলোওয়াট)	সব আবেদন সংযোগ দিলে লোডের প্রয়োজন হবে (কিলোওয়াট)	বিবেচ্য মাসে গ্রাহক পর্যায়ে বসানো সোলার প্যানেল (ওয়াট পিক)
	প্রাপ্ত আবেদন	নতুন সংযোগ প্রদান (বিভিন্ন শ্রেণীর)	বিবেচ্য মাসের পূর্বের পেন্ডিং আবেদন	মোট আবেদন	মোট সংযোগ প্রদান(বিভিন্ন শ্রেণীর)	মোট পেন্ডিং আবেদন			
বিউবো	২৮,৬৮৩	২৫,২৮৫	২৪,৩৪৪	১১,৯২,১৪০	১১,৬৪,৩৯৮	২৭,৭৪২	১,২৬,৪২৫	৩৬,৫১৫	১,১৪,২২৫
বাপবিবো	১,১৯,৫২৮	২,৪৬,৫৮৩	৯,৪৭,৫৬৮	৪৭,৬১,০৮৩	৩৯,৪০,৫৭০	৮,২০,৫১৩	১,৫২,২৮০	১৫,২৯,৯১৮	২৪,৮৮,৫৮৭
ডেসকো	৫,২৪৬	৪,৫১৮	২,৯২৩	৩,১৮,০০২	৩,১৪,৩৫১	৩,৬৫১	২২,০৩৫	২৭,৩৬৬	০
ডিপিডিসি	৩,৫১৯	৩,৮০১	৩,৫৫০	২,৪৯,৭২৭	২,৪৬,৪৫৯	৩,২৬৮	১১,২৭৮	৪৯,৫০৬	৫৮৫
ওজোপাডিকো	৬,১৯৩	৭,৮৪৩	১৫,৯৭৩	৩,২০,৩৪০	৩,০৬,০১৭	১৪,৩২৩	২০,০৪২	১৫,৮২৫	০
মোট	১,৬৩,১৬৯	২,৮৮,০৩০	৯,৯৪,৩৫৮	৬৮,৪১,২৯২	৫৯,৭১,৭৯৫	৮,৬৯,৪৯৭	৩,৩২,০৬০	১৬,৫৯,১৩০	২৬,০৩,৩৯৭

আলোচনাঃ সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি হতে অনলাইনে প্রাপ্ত শ্রেণিওয়ারী নতুন বিদ্যুৎ সংযোগের তথ্য সম্পর্কে সভায় আলোচনা করা হয়। বিদ্যুৎ সংযোগ প্রদান অব্যাহত রাখার জন্য সকল বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানিকে নির্দেশনা প্রদান করা হয়। পবিবোর সাথে যে সকল সংস্থা/কোম্পানির লাইন নিয়ে সমস্যা আছে তা পারস্পারিক আলোচনার মাধ্যমে সমাধান করার জন্য পরামর্শ দেয়া হয়। সঞ্চালন ও ডিষ্ট্রিবিউশন সিষ্টেম উন্নত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। শিল্প কারখানায় বিদ্যুৎ সংযোগের জন্য প্রাপ্ত আবেদন ও লোড সংক্রান্ত তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য সকল বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানিকে নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ (ক) বিদ্যুৎ সংযোগ প্রদান অব্যাহত রাখতে হবে।

(খ) পবিবোর সাথে যে সকল সংস্থা/কোম্পানির লাইন নিয়ে সমস্যা আছে তাদেরকে পারস্পারিক আলোচনার মাধ্যমে সমাধান করতে হবে।

(গ) সকল বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানি শিল্প কারখানায় বিদ্যুৎ সংযোগের জন্য প্রাপ্ত আবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।

বাস্তবায়নঃ অতিরিক্ত-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ/সকল বিদ্যুৎ উৎপাদন ও বিতরণকারী সংস্থা/কোম্পানি।

আলোচ্যসূচি-০৪ ISO – 9001

আলোচনাঃ বিদ্যুৎ বিভাগের সংস্থা/কোম্পানিসমূহের ISO - 9001 সার্টিফিকেশন বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে সভায় জানানো হয় যে, পবিবো ও পিজিসিবি ইতোমধ্যে ISO - 9001 সার্টিফিকেশন অর্জন করেছে। এ ছাড়া বিউবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, এপিএসসিএল , আরপিসিএল, নওপাজেকো এবং ইজিসিবি হতে ISO-9001 সার্টিফিকেট অর্জনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে । বিউবোকে ৩০শে জুন/২০১৫ এর মধ্যে EOI চুড়ান্ত করার জন্য নির্দেশনা দেয়া হয়। ISO–18001 সার্টিফিকেশন অর্জনের লক্ষ্যে সকল সংস্থা/কোম্পানিকে কার্যক্রম গ্রহণের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়।

সিদ্ধান্তঃ সকল সংস্থা/কোম্পানি দ্রুত ISO – 9001ও ISO–18001 সার্টিফিকেশন অর্জনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করবে।

বাস্তবায়নঃ সকল সংস্থা/কোম্পানি।

আলোচ্যসূচি-০৫ পরীবাগ-এ বিদ্যুৎ ভবন নির্মাণ

আলোচনাঃ পরীবাগ, ঢাকায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ডিপিডিসির যৌথ উদ্যোগে বহুতল ভবন নির্মাণ বিষয়ে সভায় আলোচনা হয়। বিউবো সভায় জানায় যে, আহবানকৃত EOI এর প্রেক্ষিতে ১৭টি প্রতিষ্ঠান EOI -এ অংশগ্রহণ করে। যাচাই বাছাই শেষে ২৩-০২-২০১৫ তারিখের সভায় ৭টি উপদেষ্টা প্রতিষ্ঠানের অনুকূলে RFP ইস্যুর অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে গত ২৬-০২-২০১৫ তারিখে RFP ইস্যু করা হয়েছে। ইতোমধ্যে গত ১০-০৩-২০১৫ তারিখে সংক্ষিপ্ত তালিকাভুক্ত উপদেষ্টা

প্রতিষ্ঠনসমুহের প্রতিনিধিগণের উপস্থিতিতে Pre-proposal meeting অনুষ্ঠিত হয়। ড. আহমদ কায়কাউস, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ উক্ত Pre-proposal meeting –এ সভাপতিত্ব করেন। ১৮-০৫-২০১৫ তারিখে RFP দাখিলের শেষ দিন। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি জানান যে, বিগত ২৬-০২-২০১৫ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুসারে বিউবো থেকে প্রকল্প পরিচালক এবং ডিপিডিসি থেকে উপ-প্রকল্প পরিচালক নিয়োগ করা হবে। ভবন নির্মাণে যাবতীয় ব্যয় বিউবো এবং ডিপিডিসি সমহারে বহন করবে। এ ছাড়া বিদ্যমান উপকেন্দ্রসহ ২৩০ কেভি উপকেন্দ্র এবং ভবন নির্মাণ সংক্রান্ত সভার অন্যান্য সিদ্ধান্ত প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। অতিরিক্ত সচিবের নেতৃত্বে এ বিষয়ে গঠিত কমিটির তত্ত্বাবধানে বিউবো এবং ডিপিডিসিকে সমন্বিতভাবে সমগ্র কার্যক্রম পরিচালনা করতে হবে মর্মে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ ঢাকাস্থ পরীবাগে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ডিপিডিসির যৌথ উদ্যোগে বহুতল ভবন নির্মাণ বিষয়ে অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ-এর তত্ত্বাবধানে বিউবো এবং ডিপিডিসি সমন্বিতভাবে কাজ করবে।

বাস্তবায়নঃ অতিরিক্ত-সচিব, বিদ্যুৎ বিভাগ/চেয়ারম্যান, বিউবো এবং ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।

আলোচ্যসুচি-০৬ সিষ্টেম লস

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির আমদানীর ভিত্তিতে বিতরণ সিষ্টেম লস এর বর্তমান অবস্থা নিম্নরূপঃ (মার্চ/২০১৫)

সংস্থা/কোম্পানি	প্রকৃত লস					
	গত অর্থ বৎসরের অর্জন (%)	চলতি অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা (%)	গত অর্থ বৎসরের চলতি মাসে (%)	গত অর্থ বৎসরের চলতি মাস পর্যন্ত (%)	চলতি অর্থ বৎসরের চলতি মাসে (%)	চলতি অর্থ বৎসরের চলতি মাস পর্যন্ত (%)
বিউবো	১১.৮৯	১১.৭৫	১১.২৬	১১.৫৯	১০.৫৩	১১.১৭
বাপবিবো	১৩.৭২	১৩.০০	১৭.৫৭	১৩.২৬	১৬.২৩	১২.৫৬
ডেসকো	৮.৪৩	৮.৪০	১১.৩৪	৭.৩১	১৪.১৭	৭.১২
ডিপিডিসি	৮.৯৯	৯.৫০	৯.৬৮	৮.৩৬	১১.৪৬	৮.৬৭
ওজোপাডিকো	১০.৯৭	১০.৮০	১১.২৮	১০.৯৮	১০.৪১	১০.১০

সামগ্রিক সিষ্টেম লস (সঞ্চালন ও বিতরণ)

	নীট উৎপাদন বা গীডের মাধ্যমে সঞ্চালনকৃত ইউনিট	ডিপিডিসি ১৩২ কেভি ও অন্যান্য ৪টি ৩৩ কেভি বিতরণ পর্যায়ে প্রাপ্ত ইউনিট (আইপিপি ছাড়া)	সঞ্চালন লস	গ্রীডের মাধ্যমে সঞ্চালনকৃত ইউনিট + হুইলিং বর্হিভূত ইউনিট	ডিপিডিসির ১৩২ কেভি ও অন্যান্য ৪টি সংস্থার ৩৩ কেভি বিতরণ পর্যায়ে মোট আমদানি (আইপিপিসহ)	বিক্রিত ইউনিট	বিতরণ লস	মোট লস (স ও বি)
বর্তমান মাস	৩৬৯৩.১৬০	৩৫৮৭.৫৮৫	২.৮৬	৪১১১.০৩৮	৪০০৫.৪৬৩	৩৪৫৭.৬৬৩	১৩.৬৮	১৫.৮৯
বিগত বছরের এই মাসে	৩৩৮৫.১০০	৩২৮০.৮৬২	৩.০৮	৩৭১৮.৫২০	৩৬১৪.২৮২	৩১০৭.৯১৫	১৪.০১	১৬.৪২
চলতি অর্থ বছর (চলতি মাস পর্যন্ত)	২৯৬৩৭.৯১০	২৮৮২৫.২৪৬	২.৭৪	৩৩২২১.৪৮৮	৩২৪০৮.৮২৪	২৮৮৬০.৮৯৭	১০.৯৫	১৩.১৩
বিগত অর্থ বছরর (এই মাস পর্যন্ত)	২৬৯০১.০২০	২৬১৬৯.৫৯৬	২.৭২	২৯৯০৩.৯৭১	২৯১৭২.৫৪৭	২৫৮৩৬.৯১৭	১১.৪২	১৩.৬০

আলোচনাঃ বিভিন্ন সংস্থা/কোম্পানির সিষ্টেম লস সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনান্তে দেখা যায় যে, মার্চ/২০১৫ মাসে বিউবোর লক্ষ্যমাত্রা ১১.৭৫% এর বিপরীতে অর্জন ১১.১৭%, পবিবোর লক্ষ্যমাত্রা ১৩.০০% এর বিপরীতে অর্জন ১২.৫৬%, ডিপিডিসির লক্ষ্যমাত্রা ৯.০০% এর বিপরীতে অর্জন ৮.৬৭%, ডেসকোর লক্ষ্যমাত্রা ৮.৪০% এর বিপরীতে অর্জন ৭.১২% এবং ওজোপাডিকোর লক্ষ্যমাত্রা ১০.৮০% এর বিপরীতে অর্জন ১০.১০%। বিদ্যুৎ খাতের সামগ্রিক বিতরণ লসের লক্ষ্যমাত্রা ১১.৪৫% এর বিপরীতে অর্জন ১০.৯৫%, সঞ্চালন লসের লক্ষ্যমাত্রা ২.৭০% এর বিপরীতে অর্জন ২.৭৪% এবং সামগ্রিক সঞ্চালন ও বিতরণ লসের লক্ষ্যমাত্রা ১৩.৭৫% এর বিপরীতে অর্জন ১৩.১৩%। মার্চ/২০১৫ মাসে বিদ্যুৎ বিতরণ খাতের পাঁচটি সংস্থা/ কোম্পানির মধ্যে সকল সংস্থা/কোম্পানি সিস্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জন করেছে। বিদ্যুৎ বিভাগের আওতাধীন পাঁচটি সংস্থা/কোম্পানির মধ্যে সকল সংস্থা/কোম্পানি সিস্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জন করায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিতরণ সিষ্টেম লস অনতিবিলম্বে Single Digit–এ নামিয়ে আনার জন্য পরামর্শ প্রদান করনে। প্রি-পেইড মিটার স্থাপনের

লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তার বাস্তবায়ন অগ্রগতি ছকে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। এ সংক্রান্ত ছক প্রস্তত করে সংস্থা/কোম্পানিতে প্রেরণ করার জন্য পাওয়ার সেলকে নির্দেশনা প্রদান করা হয়। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব Prepaid Meter স্থাপনের অগ্রগতি পর্যালোচনার জন্য একটি সভা করবেন। সকল Prepaid Meter প্রকল্পের প্রকল্প পরিচালকদের উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশনা দেয়া হয়।

সিদ্ধান্তঃ (ক) বিতরণ সিষ্টেম লস অনতিবিলম্বে Single Digit–এ নামিয়ে আনার লক্ষ্যে স্মার্ট গ্রিড বাস্তবায়ন ও প্রিপেইড মিটার স্থাপন এবং Bulk Consumerদের Prepaid Meter এর আওতায় আনতে হবে।

(খ) প্রি-পেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তার বাস্তবায়ন অগ্রগতি ছকে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে। পাওয়ার সেল এ সংক্রান্ত ছক প্রস্তত করে সংস্থা/কোম্পানিতে প্রেরণ করবে।

(গ) প্রি-পেইড মিটার স্থাপনের অগ্রগতি পর্যালোচনা এবং প্রকল্প বাস্তবায়ন গতিশীলতা আনয়নের জন্য অতিরিক্ত সচিব একটি সভা করবেন। সভায় সংশ্লিষ্ট সকল সংস্থার প্রতিনিধি এবং সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালকগণ উপস্থিত থাকবেন।

বাস্তবায়ঃ সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানি।

আলোচ্যসুচি ০৭ -বকেয়া বিদ্যুৎ বিল আদায়

বিভিন্ন সংস্থার বকেয়া বিদ্যুৎ বিল আদায় সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ (কোটি টাকায়) (ফেব্রুয়ারি/২০১৫)

সংস্থা/ কোম্পানি	গত মাস পর্যন্ত বকেয়া	বিবেচ্য মাসে বকেয়া	মোট বকেয়া	বিবেচ্য মাসে আদায়	বিবেচ্য মাস পর্যন্ত বকেয়া	এই অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা	বিবেচ্য মাস পর্যন্ত অর্জন (সমমাস)	মন্তব্য
বিউবো	১৩৫৪.৪০	৩৭৬.১৪৪	১৭৩০.৫৪৪	৩৯০.৭৪৮	১৩৩৯.৭৯	২.৩৪	৩.১৯	লক্ষমাত্রা অর্জিত হয়নি।
বাপবিবো	১৩৭০.২০	০.০০০	১৩৭০.২	০.০০০	০.০০	০.০০	০.০০	লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
ডেসকো	৩৯৬.৫৪	০.০০০	৩৯৬.৫৪	০.০০০	০.০০	০.০০	০.০০	লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
ডিপিডিসি	৮১০.৯৮	০.০০০	৮১০.৯৮	০.০০০	০.০০	০.০০	০.০০	লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
ওজোপাডিকো	২৮১.১১	০.০০০	২৮১.১১	০.০০০	০.০০	০.০০	০.০০	লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
			মোট		১৩৩৯.৭৯			

আলোচনাঃ (ক) সভায় বকেয়া বিদ্যুৎ বিল আদায় বিষয়ে আলোচনা হয়। প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায়, সংস্থাসমূহের জানুয়ারি/২০১৫ পর্যন্ত সামগ্রিক বকেয়ার পরিমান ছিল ২.০৮ সমমাস যা হ্রাস পেয়ে ফেব্রুয়ারি/২০১৫ পর্যন্ত ১.৮৮ সমমাসে দাঁড়িয়েছে। আলোচ্য মাসে বিউবো বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে বিউবোকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেয়া হয় এবং তিনি অন্যান্য কোম্পানিকে বকেয়া আদায়ে লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হয়।

(খ) সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি হতে এপ্রিল/২০১৫ মাসের মোবাইল কোর্টের তথ্য পাওয়া গিয়েছে। প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, ডিপিডিসি এবং ডেসকো ব্যতীত অন্যান্য সংস্থা/কোম্পানি বিবেচ্য মাসে মোবাইল কোর্ট পরিচালনা করেছে। ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন লিঃ এর মোবাইল কোর্ট পরিচালনা জন্য আরো ম্যাজিষ্টেট পদায়ন এবং বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাদের ম্যাজিষ্ট্রেসি ক্ষমতা প্রদানের নিমিত্ত ডিও পত্র প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। আটকে পড়া পাকিস্তানীদের কলোনীতে বিপুল পরিমান বিদ্যুৎ বিল বকেয়া থাকায় তা আদায়ে লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভা করতে হবে। এ লক্ষ্যে বকেয়ার তথ্য সংস্থা/কোম্পানি বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।

দপ্তর/সংস্থা/কোম্পানীর মোবাইল কোর্ট পরিচালনার তথ্যঃ (এপ্রিল/২০১৫)

সংস্থা/কোম্পানীর নাম	মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা	সাজা প্রদানের সংখ্যা	জরিমানা পরিমানা (টাকা)	মন্তব্য
বিউবো	৩২	০	২৯,৮৮,০০২	
বাপবিবো	২৭৯	১১	২৬,৭৭,৬১২	
ডেসকো	০	০	০	ম্যাজিস্ট্রেট না পাওয়ায় মোবাইল কোর্ট পরিচালনা করা সম্ভব হয় নাই।
ডিপিডিসি	০	০	০	
ওজোপাডিকো	১০	৪	৬,০৪,৪৮৫	
মোট	৩২১	১৫	৬২,৭০,০৯৯	

(গ) সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের তথ্য পর্যালোচনান্তে দেখা যায় যে, সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি বিবেচ্য মাসে অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করেছে। সকল সংস্থা/কোম্পানিকে অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের কার্যক্রম আরো জোরদার করার নির্দেশনা প্রদান করা হয়। সকল সংস্থা/কোম্পানিকে অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ এবং ম্যাজিস্ট্রেটগণের নেতৃত্বে পরিচালিত মোবাইল কোর্ট সংক্রান্ত তথ্য বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য কর্মকর্তাকে ই-মেইলে (e-mail: pro@pd.gov.bd) প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়। সিনিয়র তথ্য কর্মকর্তা এ সংক্রান্ত তথ্য পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের ব্যবস্থা নিবেন।

দপ্তর/সংস্থা/কোম্পানীর অবৈধ সংযোগ বিচ্ছিন্নের তথ্যঃ (এপ্রিল/২০১৫)

সংস্থা/কোম্পানীর নাম	বকেয়ার জন্য বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা	অবৈধ সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা	বিচ্ছিন্নকৃত সংযোগের বিপরীতে বকেয়ার পরিমান	মন্তব্য
বিউবো	১৩,৫৫৫	১৫৪	১,৫৮,৮০,০০০	
বাপবিবো	২০,০৮৯	১,২৩১	১৬,৪০,৭৭,৩৪০	
ডেসকো	২,৮৭৯	৩৫৭	৫,৪৪,১১,৫২৩	
ডিপিডিসি	৩,৯৬১	৭৪	৯৬,৯৭,০০,০০০	
ওজোপাডিকো	২,৩১১	৬৪	২,৪৫,৩৪,০০০	সংযোগ বিচ্ছিন্নের বিপরীতে বকেয়া আদায়=৮৪,৬৪,০০০
মোট	৪২,৭৯৫	১,৮৮০	১২২,৮৬,০২,৮৬৩	

সিদ্ধান্তঃ (ক) সকল বিতরণ সংস্থা/কোম্পানি সরকারী সংস্থা বা অফিসের নিকট বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন ও বকেয়া আদায়ের চেষ্টা অব্যাহত রাখবে।

(খ) ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন লিঃ এর মোবাইল কোর্ট পরিচালনা জন্য অপর একজন ম্যাজিস্টেট পদায়ন এবং বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাদের ম্যাজিষ্ট্রেসি ক্ষমতা প্রদানের নিমিত্ত ডিও পত্র প্রেরণের জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

(গ) সকল সংস্থা/কোম্পানি মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা বৃদ্ধি করবে এবং এ সংক্রান্ত তথ্য বিদ্যুৎ বিভাগে নিয়মিত প্রেরণ করবে।

(ঘ) আটকে পড়া পাকিস্তানীদের কলোনীর বিপুল পরিমান বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে অতিরিক্ত সচিব (সমন্বয়) – এর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা করতে হবে। সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানি বকেয়ার তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।

(ঙ) সকল সংস্থা/কোম্পানি অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের কার্যক্রম আরো জোরদার করবে এবং অবৈধ সংযোগ বিচ্ছিন্নের তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। সকল সংস্থা/কোম্পানি প্রতিদিনের অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ এবং ম্যাজিষ্ট্রেটগণের নেতৃত্বে পরিচালিত মোবাইল কোর্ট সংক্রান্ত তথ্য বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য কর্মকর্তাকে ই-মেইলে (e-mail: pro@pd.gov.bd) প্রেরণ করবে। সিনিয়র তথ্য কর্মকর্তা তা সংবাদপত্রে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের ব্যবস্থা করবেন।

বাস্তবায়নঃ অতিরিক্ত-সচিব (সমন্বয়)/সিনিয়র তথ্য কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধানগণ এবং পাওয়ার সেল।

আলোচ্যসুচি-০৮ আন্তঃসংস্থা দেনা-পাওনা

বিদ্যুৎ বিলের আন্তঃসংস্থার দেনা-পাওনা সংক্রান্ত তথ্য : (কোটি টাকায়) (ফেব্রুয়ারি/২০১৫)

পাওনাদার সংস্থা/ কোম্পানি	দেনাদার সংস্থা/ কোম্পানী	পূর্বের জের	পূর্বের মাসে পাওনা/ বিল	বিবেচ্য মাসে পাওনা/ বিল	মোট পাওনা	পূর্বের মাসে আদায়	বিবেচ্য মাসে আদায়	মোট আদায়	বর্তমানে মোট বকেয়া	বর্তমান বকেয়া
বিউবো	বাপবিবো	০.০০	৫৩৩.২৬	০.০০	৫৩৩.২৬	৪৫৭.৩২	০.০০	৪৫৭.৩২	৭৫.৯৪	-৪৫৭.৩২
	ডেসকো	০.০০	১৩৭.৫৬	০.০০	১৩৭.৫৬	১৩৯.৪৪	০.০০	১৩৯.৪৪	-১.৮৮	-১৩৯.৪৪
	ডিপিডিসি	০.০০	২৫১.০৬	০.০০	২৫১.০৬	১২৪.০৯	০.০০	১২৪.০৯	১২৬.৯৭	-১২৪.০৯
	ওজোপাডিকো	০.০০	৭৩.৫২	০.০০	৭৩.৫২	৭৭.০৪	০.০০	৭৭.০৪	-৩.৫২	-৭৭.০৪
	ডেসা	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০	০	০
পিজিসিবি	বিউবো	০.০০	১৩.৮৫	০.০০	১৩.৮৫	০.০০	০.০০	০	১৩.৮৫	০
	বাপবিবো	০.০০	২৯.৬৭	০.০০	২৯.৬৭	২৭.২০	০.০০	২৭.২	২.৪৭	-২৭.২
	ডেসকো	০.০০	৫.৯১	০.০০	৫.৯১	৭.১৮	০.০০	৭.১৮	-১.২৭	-৭.১৮
	ডিপিডিসি	০.০০	১০.৫৬	০.০০	১০.৫৬	১২.৫৭	০.০০	১২.৫৭	-২.০১	-১২.৫৭
	ওজোপাডিকো	০.০০	৩.৮২	০.০০	৩.৮২	৪.৬৬	০.০০	৪.৬৬	-০.৮৪	-৪.৬৬
	ডেসা	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০	০	০
মোট									২০৯.৭১	-৮৪৯.৫

আলোচনাঃ জানুয়ারি/২০১৫ পর্যন্ত আন্তঃসংস্থার দেনা পাওনার পরিমান ছিল ৬৯৮৫.০১০ কোটি টাকা যা ফেব্রুয়ারি/২০১৫ মাস পর্যন্ত বৃদ্ধি পেয়ে ৭৩৬০.২৮০ কোটি টাকায় দাঁড়িয়েছে। আন্তঃসংস্থা দেনা-পাওনা হ্রাস করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বিউবো কর্তৃক ডেসার নিকট বকেয়া ২৮০৪ কোটি টাকার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত বকেয়া পাওনার বিষয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে গঠিত কমিটিকে এ মাসেই সভা আহবানের জন্য পরামর্শ প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ (ক)আন্তঃসংস্থা দেনা-পাওনা হ্রাস করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

(খ) বিউবো কর্তৃক ডেসার নিকট বকেয়া ২৮০৪ কোটি টাকার পাওনার বিষয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে গঠিত কমিটিকে এ মাসেই সভা আহবান করতে হবে।

বাস্তবায়নঃ অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, সংস্থা/কোম্পানি ও উপ-সচিব (কোম্পানি এ্যাফয়ার্স), বিদ্যুৎ বিভাগ।

আলোচ্যসূচি-০৯ ওভারলোডেড ট্রান্সফর্মার

ওভারলোডেড ট্রান্সফর্মারঃ ওভারলোডেড ট্রান্সফর্মারের বিগত মাসের সাথে বিবেচ্য মাসের তুলনামূলক তথ্যঃ (এপ্রিল/২০১৫)

সংস্থার নাম	মোট স্থাপিত ট্রান্সফর্মার		ওভারলোডেড ট্রান্সফর্মার					ট্রান্সফর্মার পুড়েগেছে				
			গত মাস		চলতি মাস		গত মাসের তুলনায় পরিবর্তন (%)	গত মাস		চলতি মাস		গত মাসের তুলনায় পরিবর্তন (%)
	ট্রান্সফর্মারের সংখ্যা	মোট ক্ষমতা (কেভিঃ)	ট্রান্সফর্মারের সংখ্যা	মোট ক্ষমতা (কেভিঃ)	ট্রান্সফর্মারের সংখ্যা	মোট ক্ষমতা (কেভিঃ)		ট্রান্সফর্মারের সংখ্যা	মোট ক্ষমতা (কেভিঃ)	ট্রান্সফর্মারের সংখ্যা	মোট ক্ষমতা (কেভিঃ)	
বিউবো	০	০	১,৮০৬	৩২,২১৭০	০	০	-১০০.০০	১০	১,৫০০	০	০	-১০০.০০
বাপবিবো	০	০	৫৫,৬৭৫	৬২,৯৩৮৩	০	০	-১০০.০০	২২৪২	২৭,৭৬৩	০	০	-১০০.০০
ডেসকো	০	০	৭	১,৪০০	০	০	-১০০.০০	১০	২,০০০	০	০	-১০০.০০
ডিপিডিসি	০	০	৫২০	১,০৪,১০০	০	০	-১০০.০০	২৫	৫,০০০	০	০	-১০০.০০
ওজোপাডিকো	০	০	৭৯৮	১২৬০০০	০	০	-১০০.০০	৯	১,৪২৫	০	০	-১০০.০০
মোট	০	০	৫৮,৮০৬	১১৮৩০৫৩	০	০		২,২৯৬	৩৭,৬৮৮	০	০	

আলোচনাঃ (ক) ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় ওভারলোডেড এবং পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের শতকরা হার উল্লেখ করার জন্য নির্দেশনা দেয়া হয়। ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। ট্রান্সফর্মার পুড়ে যাওয়া রোধ করার উদ্দেশ্যে বিদ্যুৎ বিভাগ থেকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য পরামর্শ দেয়া হয়। কারও অবহেলার জন্য ট্রান্সফর্মার পুড়ে গেলে তার কারণ নির্ণয় ও দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কোম্পানির প্রধানগণকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

(খ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির Transformer-এর Standard Specification-এর জন্য গঠিত কমিটিকে আগামী ২০ মে/২০১৫ তারিখের মধ্যে রিপোর্ট প্রদানের জন্য পরামর্শ দেয়া হয়।

(গ) সভায় জানানো হয় যে, প্রযুক্তির বিকাশের সাথে সাথে ট্রান্সফর্মার প্রটেকশনের জন্য আধুনিক পদ্ধতি অনেক দেশে ব্যবহৃত হচ্ছে। বাংলাদেশেও ট্রান্সফর্মারের প্রটেকশনের জন্য আধুনিক ও প্রযুক্তি নির্ভর কোন পদ্ধতি ব্যবহার করা যায় কী-না তা পরীক্ষা করে দেখা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্তঃ (ক)ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখতে হবে।

(খ) ট্রান্সফমারের পুড়ে যাওয়ারোধ করার উদ্দেশ্যে জারীকৃত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

(গ) ট্রান্সফর্মার পুড়ে যাওয়ার কারণ নির্ণয় ও তার দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) ওভারলোডেড এবং পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের শতকতা হার উল্লেখ করতে হবে।

(ঙ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির Transformer-এর Specification Standardization -এর জন্য গঠিত কমিটিকে আগামী ২০ মে/২০১৫ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে।

(চ) ট্রান্সফর্মার পুড়ে যাওয়া/বিষ্ফোরিত হওয়া রোধ করার জন্য আধুনিক ও প্রযুক্তি নির্ভর নতুন কোন প্রযুক্তি ব্যবহার করা যায় কী-না সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রতিবেদন দেয়ার জন্য একটি কমিটি গঠন করতে হবে।

বাস্তবায়নঃ (ক-খ) সকল সংস্থা/কোম্পানি ও পাওয়ার সেল, (ঙ) এবং সংশ্লিষ্ট কমিটি, (চ) প্রশাসন-২ শাখা।

আলোচ্যসূচিঃ ১০ পেন্ডিং তালিকা

আলোচনা: বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির পেন্ডিং পত্রের তালিকার বিষয়ে আলোচনা হয়। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, দপ্তর/সংস্থা/কোম্পানি হতে বিদ্যুৎ বিভাগে ও বিদ্যুৎ বিভাগ হতে দপ্তর/সংস্থা/কোম্পানিতে প্রেরিত পেন্ডিং পত্রের সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে । দপ্তর/সংস্থা/কোম্পানি হতে বিদ্যুৎ বিভাগে প্রেরিত পেন্ডিং পত্রের তালিকা সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের সাথে সংযুক্তি হিসেবে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়।

সিদ্ধান্তঃ (ক) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি হতে বিদ্যুৎ বিভাগে প্রেরিত পত্রের পেন্ডিং তালিকা ও বিদ্যুৎ বিভাগের শাখা/অধিশাখা হতে আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে প্রেরিত পত্রের পেন্ডিং তালিকা ছকে ও সংযুক্তি আকারে সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নঃ সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা, বিদ্যুৎ বিভাগ এবং দপ্তর/সংস্থা/কোম্পানি।

আলোচ্যসূচি-১১ বিদ্যুৎ সাশ্রয়

আলোচনাঃ (ক) লোডশেড পরিমাপ ও লোড বরাদ্দের বিষয়ে সভায় আলোচনা হয়। অক্টোবর/২০১৪ মাসে পরিমাপকৃত লোডের তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে পাওয়ার সেল জানিয়েছে। সভায় Solar ও Wind Power হতে বিদ্যুৎ জেনারেশন বৃদ্ধি করার জন্য এবং তা জাতীয় গ্রীডে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেওয়া হয়। এ বিষয়ে সংস্থা/কোম্পানিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা দেয়া হয়।

(খ) সকল দপ্তর/সংস্থা/কোম্পানির নিজস্ব অফিস/স্থাপনাসমুহে সোলার প্যানেল স্থাপনের তথ্য নিয়মিত বিদ্যুৎ বিভাগে প্রেরণের নির্দেশনা দেয়া হয়ঃ

দপ্তর/সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত সোলার প্যানেল স্থাপনের তথ্যঃ (এপ্রিল/২০১৫)

সংস্থা/ কোম্পানি	বিগত মাসের পূর্বের মাস পর্যন্ত বাস্তবায়িত (কিলোওয়াট পিক)	বিগত মাসে বাস্তবায়িত (কিলোওয়াট পিক)	বর্তমান মাসে বাস্তবায়নাধীন (কিলোওয়াট পিক)	ভবিষ্যত পরিকল্পনা কিলোওয়াট পিক)
বিউবো	১৩৮০.৮০৯	০	১.৮	৬৬.৬৫১
বাপবিবো	১৩১.১৬২	৫	-	-
ডেসকো	১২৫.০৪	৫০	৫০	০
ডিপিডিসি	৩৪.৪	০০	০০	২৬৩.০০
ইজিসিবি	০.৪	০	-	২.৪
আরপিসিএল	৪	০	০	৩
নওপাজেকো	৪	৫	৫	
এপিএসসিএল	৪০	০	৩৬	১০০
ওজোপাডিকো	১১.৩৬		-	৩.০০
পিজিসিবি	১০১.৮	০	০	১৪
মোট	১,৮৩২.৯৭১	৫৫	৯২.৮	৪৫২.০৫১

সিদ্ধান্ত(ক) লোড পরিমাপ ও লোড বরাদ্দের তথ্য যাচাইয়ের জন্য গঠিত টেকনিক্যাল কমিটি বছরের মার্চ, মে, জুলাই ও অক্টোবর মাসে লোড পরিমাপ করবে এবং যাচাই শেষে প্রতিবেদন প্রদান করবে। সর্বশেষ লোড পরিমাপের তথ্য মহাপরিচালক, পাওয়ার সেল সভায় উপস্থাপন করবে।

(খ) Solar ও Wind Power হতে বিদ্যুৎ জেনারেশন বৃদ্ধি করতে হবে ও তা জাতীয় গ্রিডে দেয়ার ব্যবস্থা নিতে হবে।

(গ) সকল দপ্তর/সংস্থা নিজস্ব অফিস/স্থাপনাসমুহে সোলার প্যানেল স্থাপন কার্যক্রম আরো বৃদ্ধি করবে এবং সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।

বাস্তবায়নঃ অতিরিক্ত সচিব,অতিরিক্ত-সচিব (উন্নয়ন), অতিরিক্ত-সচিব(সমন্বয়), বিদ্যুৎ বিভাগ/সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি এবং পাওয়ার সেল।

আলোচ্যসূচি-১২ পরিদর্শন

আলোচনা: (ক) পরিদর্শন: এপ্রিল/২০১৫ মাসে প্রাপ্ত তথ্য পর্যালোচনান্তে দেখা যায় যে, সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধান অধীনস্থ প্রান্তিক অফিস পরিদর্শন করেছেন। সভায় সকল সংস্থাপ্রধানকে অধীনস্থ অফিস পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করার ও অধীনস্থ অফিসারদেরকে প্রান্তিক অফিস পরিদর্শন করার বিষয়ে উৎসাহ প্রদানের জন্য নির্দেশনা দেয়া হয়। পরিদর্শনের সময় সমস্যা চিহ্নিত করে তা সমাধানের ব্যবস্থা গ্রহণ করার এবং সকল বৈদ্যুতিক স্থাপনার নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সকলকে নির্দেশনা দেয়া হয়।

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির উর্ধতন কর্মকর্তাগণের অধীনস্থ দপ্তরসমূহ পরিদর্শন বিবরণী নিম্নরূপঃ (এপ্রিল/২০১৫)

সংস্থা/কোম্পানির নাম	কর্মকর্তার পদবী	পরিদর্শনকাল (দিন)
বৈদ্যুতিক উপদেষ্টার দপ্তর	বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক	৪
বিউবো	চেয়ারম্যান	৭
বাপবিবো	চেয়ারম্যান	২
ডেসকো	ব্যবস্থাপনা পরিচালক	৩
ডিপিডিসি	ব্যবস্থাপনা পরিচালক	৩
ইজিসিবি	ব্যবস্থাপনা পরিচালক	৩
আরপিসিএল	ব্যবস্থাপনা পরিচালক	৩
নওপাজেকো	ব্যবস্থাপনা পরিচালক	২
ওজোপাডিকো	ব্যবস্থাপনা পরিচালক	৪
পিজিসিবি	ব্যবস্থাপনা পরিচালক	৪
	মোট	৩৫

(খ) গণশুনানি : বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিকে গণশুনানি অব্যাহত রাখায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। গণশুনানী কার্যকরকরণের লক্ষ্যে জেলা প্রশাসকের কাযালয়, উপজেলা নির্বাহী অফিসের কার্যালয় ও ইউনিয়ন পরিষদে গণশুনানী করার নির্দেশনা দেয়া হয়। গণশুনানিতে জনগণের সমস্যা জেনে তা সমাধান করার জন্য সকলকে নির্দেশনা দেয়া হয়। এ ছাড়া বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাগণকে মাঠ পর্যায়ে বিতরণ অফিস পরিদর্শনের সময় গণশুনানীতে উপস্থিত থাকার জন্য পরামর্শ দেয়া হয়।

দপ্তর/সংস্থা/কোম্পানী হতে প্রাপ্ত গনশুনানীর তথ্যঃ (এপ্রিল/২০১৫)

সংস্থা/কোম্পানির নাম	গনশুনানীর সংখ্যা (টি)	মন্তব্য
বিউবো	৬৪	
বাপবিবো	৬৭৯	গণশুনানীর মাধ্যমে ৪৬৩টি সমস্যা সমাধান করা হয়েছে।
ডেসকো	১৬	নাই
ডিপিডিসি	১৩৫	
ওজোপাডিকো	৪২	
মোট	৯৩৬	

সিদ্ধান্তঃ (ক) সকল সংস্থাপ্রধানকে অধীনস্থ অফিস পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করতে হবে।

(খ) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধান প্রতিমাসে অন্ততঃ ১টি পূর্ণাঙ্গ পরিদর্শন প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।

(খ) বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিকে গণশুনানি জেলা প্রশাসন/উপজেলা নির্বাহী অফিস/ইউনিয়ন পরিষদে আয়োজন করতে হবে।

(গ) গণশুনানির তথ্য এবং গণশুনানিতে সমস্যা নিষ্পত্তির সংখ্যা বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নঃ সকল দপ্তর/সংস্থা/কোম্পানি/পাওয়ার সেল/বিদ্যুৎ বিভাগের সকল কর্মকর্তা।

আলোচ্যসূচি-১৩ বিদ্যুৎ সেবা সংক্রান্ত বিষয়ে জনমত যাচাই

আলোচনাঃ ডিপিডিসি, ওজোপাডিকো এবংযেকোন একটি পল্লী বিদ্যুৎ সমিতি এলাকার বিদ্যুৎ সংযোগ, লোডশেড ও বিদ্যুৎ সংক্রান্ত সেবা বিষয়ে জনমত পাওয়ার সেল এর ব্যবস্থাপনায় যাচাই করে একটি প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে দাখিল করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে পাওয়ার সেল জানিয়েছে যে, মাঠ পর্যায়ে পরামর্শক প্রতিষ্ঠান মাইডাস কাজ করছে। সভায় সভাপতি

মহোদয় জনমত যাচাই-এর একটি অন্তবর্তী রিপোর্ট ইতোমধ্যে সচিব মহোদয়ের নিকট সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক Draft Final Report দাখিল করেছে মর্মে মহাপরিচালক, পাওয়ার সেল জানান।

সিদ্ধান্তঃ ডিপিডিসি, ওজোপাডিকো এবং যে কোন একটি পল্লী বিদ্যুৎ সমিতি এলাকার বিদ্যুৎ সংযোগ, লোডশেড ও বিদ্যুৎ সেবা সংক্রান্ত বিষয়ে জনমত যাচাই জনমত যাচাই-এর প্রতিষ্ঠান দাখিলকৃত Draft Final Report টি পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ নিতে হবে।

বাস্তবায়নঃ পাওয়ার সেল।

আলোচ্যসূচি-১৪ অডিট

আলোচনাঃ সভায় অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ে আলোচনা হয়। বিবেচ্য মাসে অডিট আপত্তি নিষ্পত্তি কম হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির কর্ম-পরিকল্পনা তৈরি ও লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক অডিট আপত্তি হ্রাসে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্যও পরামর্শ দেয়া হয়। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধানকে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির বিষয়ে দ্বিপক্ষীয় সভা, ত্রিপক্ষীয় সভা করে আপত্তির সংখ্যা কমানোর ব্যবস্থা গ্রহণ এবং অডিট আপত্তি নিষ্পত্তির মাসিক লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়। সমন্বিত অডিট বিষয়ক সফটওয়ার প্রস্তুতপূর্বক দপ্তর/সংস্থা/কোম্পানিতে প্রেরণ করা হয়েছে। প্রস্তুতকৃত সফট্ওয়ারে কোন সমস্যা থাকলে তা সমাধান করা হবে। পরবর্তীতে Softwareটি update করতঃ সচিব মহোদয়ের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে । অডিট আপত্তি হিসাব কমিটিতে যাতে উপস্থাপন না হয় সে লক্ষ্যে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।

সংস্থা/কোম্পানীসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিবরণ নিম্নরূপঃ (এপ্রিল/২০১৫)

সংস্থা/ কোম্পানি	পূর্বের অনিষ্পন্ন	বিবেচ্য মাসের নতুন অডিট আপত্তি	মোট আপত্তি	অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যমাত্রা	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা	জড়িত টাকার পরিমান (কোটি টাকা)	অনিষ্পন্ন অডিট আপত্তি
বিউবো	৩,৪৮৮	৪৭	৩,৫৩৫	৯০	২৬	১০৩৬৭.৫৯	৩,৫০৯
বাপবিবো	১,১১৯	০	১১১৯		০	১৮৪৫.৮৪	১,১১৯
ডেসকো	১০৭	০	১০৭	০	০	১৮৭২.৮২	১০৭
ডিপিডিসি	১,২৪১	০	১,২৪১	০০	৩	০.০১	১,২৩৮
ইজিসিবি	২৩	০	২৩	২	১	৯৭৫.০৪	২২
আরপিসিএল	০	০	০	০	০	০	০
নওপাজেকো	৪	০	৪		২	৭.৪৪	২
এপিএসসিএল	৫৮	০	৫৮	৫৮	০	৬৪২.২৩২৬	৫৮
ওজোপাডিকো	৫৭০	০	৫৭০	-	৩	০.১৫৮১	৫৬৭
পিজিসিবি	২০২	১৪	২১৬	০৫	৭	৩.৪২	২০৯
মোট	৬,৮১২	৬১	৬,৮৭৩	১৫৫	৪২	১৫৭১৪.৫৫০৭	৬,৮৩১

সিদ্ধান্ত (ক) দপ্তর/সংস্থা/কোম্পানির অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

(খ) অডিট আপত্তি নিষ্পত্তির কর্ম-পরিকল্পনা তৈরি ও লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক অডিট আপত্তি হ্রাসে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

(গ) সংস্থাসমূহের অডিট বিষয়ক সমন্বিত সফটওয়ারটি সচিব মহোদয়ের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করতে হবে।

বাস্তবায়নঃ অতিরিক্ত সচিব (সমন্বয়)/ বিদ্যুৎ বিভাগ/ দপ্তর/সংস্থা/কোম্পানি এবং পাওয়ার সেল।

আলোচ্যসূচি-১৫ বিভাগীয় মামলা

আলোচনাঃ সভায় বিভাগীয় মামলার বিবরণী নিয়ে আলোচনা করা হয়। দপ্তর/সংস্থা/কোম্পানিতে শৃঙ্খলা বজায় রাখা ও সুশাসনের জন্য শৃঙ্খলা বিরোধী কর্মকান্ডে লিপ্ত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রয়োজনবোধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়। তবে নিরপরাধ কেউ হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য ও বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তি করার জন্য নির্দেশনা দেয়া হয়। সভায় বিউবো, পবিবো ও কোম্পানিসমূহকে তাদের সবচেয়ে পুরনো পেন্ডিং বিভাগীয় মামলা নিষ্পত্তির বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির বিভাগীয় মোকদ্দমা এবং তার নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নিম্নরূপঃ (এপ্রিল/২০১৫)

সংস্থা/কোম্পানির নাম	৩ মাসের অধিক অনিষ্পন্ন	৬ মাসের অধিক অনিষ্পন্ন	৯ মাসের অধিক অনিষ্পন্ন	পূর্বের পেন্ডিং	বিবেচ্য মাসে দায়ের	মোট মোকদ্দমা	বিবেচ্য মাসে নিষ্পত্তি	অনিষ্পন্ন মোকদ্দমা
বিউবো	১৯	৭	৪৩	৫	৩	৮	২	৬
বাপবিবো	৫	১	৫	১০	০	১০	১	৯
ডেসকো	০	০	০	৪	০	৪	০	৪
ডিপিডিসি	২	১	১৫	১৮	১	১৯	০	১৯
ইজিসিবি	০	০	০	-১	০	-১	০	-১
আরপিসিএল	০	০	০	০	০	০	০	০
এপিএসসিএল	০	০	০	০	০	০	১	-১
ওজোপাডিকো	৮	৪	০	১৯	০	১৯	৩	১৬
পিজিসিবি	০	০	০	৪	১	৫	২	৩
মোট	৩৪	১৩	৬৩	৫৯	৫	৬৪	৯	৫৫

সিদ্ধান্তঃ দপ্তর/সংস্থা/কোম্পানিতে শৃঙ্খলা বজায় রাখা ও সুশাসনের জন্য শৃঙ্খলা বিরোধী কর্মকান্ডে লিপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের তীক্ষ্ন নজর রাখতে হবে এবং প্রয়োজনবোধে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় বা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নঃ দপ্তর/সংস্থা/কোম্পানি।

আলোচ্যসূচি-১৬ সিভিল স্যুট

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানীর সিভিল স্যুটের তথ্য নিম্নরূপঃ (এপ্রিল/২০১৫)

সংস্থা/ কোম্পানি	পূর্বের পেন্ডিং	বিবেচ্য মাসে দায়ের	মোট	বিবেচ্য মাসে নিষ্পত্তি	অবশিষ্ট	গুরুত্বপূর্ণ মামলার সংখ্যা	অতিগুরুত্বপূর্ণ মামলার সংখ্যা	মন্তব্য
বিউবো	৪৬০	১	৪৬১	০	৪৬১	৮	৭	
বাপবিবো	১২২	৪	১২৬	১	১২৫	৫	৪	বাদী কর্তৃক ১টি মামলা প্রত্যাহার করা হয়েছে যা বিবেচ্য মাসে নিষ্পত্তি হিসেবে দেখানো হয়েছে।
ডেসকো	২৯	০	২৯	০	২৯	২৭	২	
ডিপিডিসি	২৫২	১	২৫৩	০	২৫৩	১৭	৮	
আরপিসিএল	৩	০	৩	০	৩	২	১	
ওজোপাডিকো	১৯৮	৪	২০২	১১	১৯১	৩	১	ওজোপাডিকোর পক্ষে ১১ টি মামলার রায় হয়েছে।
পিজিসিবি	৪৭	১	৪৮	৪	৪৪	২	০	
মোট	১,১১১	১১	১,১২২	১৬	১,১০৬	৬৪	২৩	

আলোচনাঃ সভায় সিভিল স্যুটের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে যথাযথ আইনী কার্যক্রম গ্রহণে তৎপর থাকার পরামর্শ দেয়া হয়, যাতে সংস্থা/কোম্পানির অনুকুলে রায় পাওয়া যায়। যে সকল মামলার রায় হয়েছে সেগুলোর মধ্যে কতটি পক্ষে এবং কতটি বিপক্ষে রায় হয়েছে তার তথ্য প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হয়। যে সকল মামলার রায় বিপক্ষে হয়েছে তা যাচাই করে আপিল বা বিধিমত ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়। সভায় উপস্থাপনকৃত ২১টি অতিগুরুত্বপূর্ণ মামলার কাগজপত্র বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয় এবং এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিবকে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/ কোম্পানির সাথে সভা করার জন্য পরামর্শ দেয়া হয়। গুরুত্বপূর্ণ মামলার তথ্য যুগ্ম-সচিব (কোম্পানি এ্যাফেয়ার্স), বিদ্যুৎ বিভাগ এর নিকট প্রেরণের লক্ষ্যে সংস্থা/কোম্পানিতে পত্র প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হয়।

সিদ্ধান্তঃ (ক) যে সকল মামলার রায় হয়েছে সেগুলোর মধ্যে কতটি পক্ষে এবং কতটি বিপক্ষে রায় হয়েছে তার তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।

(খ) সভায় সিভিল স্যুটের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে আইনী কার্যক্রম গ্রহণে তৎপর থাকতে হবে, যাতে সংস্থা/কোম্পানির অনুকুলে রায় পাওয়া যায়।

(গ) যে সকল মামলার রায় বিপক্ষে হয়েছে তা যাচাই করে আপিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) সভায় উপস্থাপনকৃত ২১টি অতিগুরুত্বপূর্ণ মামলার কাগজপত্র বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে এবং অতিরিক্ত সচিব সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কোম্পানির প্রতিনিধিদের নিয়ে সভা করেবেন।

বাস্তবায়নঃ যুগ্ম-সচিব (প্রশাসন), দপ্তর/সংস্থা/কোম্পানি/উপ-সচিব (কোঃএ্যাঃ) ও সংশ্লিষ্ট শাখা, বিদ্যুৎ বিভাগ।

আলোচ্যসূচি-১৭ পেনশন কেস

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানীর পেনশন কেস ও তার নিষ্পত্তির বিবরনী নিম্নরূপঃ (মার্চ/২০১৫)

সংস্থা/কোম্পানি	০৩ মাসের অধিক পেন্ডিং	০৬ মাসের অধিক পেন্ডিং	০১ বছরের অধিক পেন্ডিং	পূর্বের মোট পেন্ডিং	বিবেচ্য মাসে নতুন পেনশন কেস	মোট পেনশন কেস	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত পেনশন কেসের সংখ্যা	অনিষ্পন্ন পেনশন কেস
বিউবো	০	১	২	১৫	২৫	৪০	২০	২০
বাপবিবো	০	০	২	২	২	৪	৩	১
মোট	০	১	৪	১৭	২৭	৪৪	২৩	২১

আলোচনাঃ সভায় পেনশন কেস নিষ্পত্তির হারে সন্তোষ প্রকাশ করা হয়। ১ বছরের বেশি পেন্ডিং থাকা পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ দপ্তর/সংস্থা/কোম্পানি পেন্ডিং পেনশন কেসসমূহদ্রুত নিষ্পত্তি করবে।

বাস্তবায়নঃ দপ্তর/সংস্থা/কোম্পানি।

আলোচ্যসূচি-১৮ প্রশিক্ষণ

আলোচনাঃ) (ক) এপ্রিল/২০১৫ মাসে প্রশিক্ষণ প্রদান বাস্তবায়ন অগ্রগতি পাওয়া গিয়েছে। সভাপতি কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করে বলেন, প্রশিক্ষণের ফলে কর্মদক্ষতা বৃদ্ধি পায়, তাই প্রমাপ অনুসারে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সভায় সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে ২০১৪-১৫ অর্থ বছরে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রস্ততকৃত ৬০ জনঘন্টা প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করার জন্য নির্দেশনা দেয়া হয়। এ ছাড়া প্রতি বছর ১০% হারে প্রশিক্ষণ বৃদ্ধি করার জন্য নির্দেশনা দেয়া হয়।

(খ) উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে টার্ন-কি, ইপিসি, কন্ট্রাক্ট ডকুমেন্ট, কনসেশন এগ্রিমেন্ট ও আইপিপি-এর ডকুমেন্ট, MoU প্রস্তুত প্রভৃতি বিষয়ে দক্ষ লোকের অভাব রয়েছে। এ সব বিষয়ে একটি ট্রেনিং মডিউল তৈরী করে কর্মকর্তাদের প্রশিক্ষণের উদ্যোগ নেয়ার জন্য পরামর্শ প্রদান করেন। সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সহযোগিতায় বিউবোকে এ প্রশিক্ষণ আয়োজনের জন্য গত সভায় নির্দেশনা প্রদান করা হয়। আগামী সভার পূর্বেই এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন প্রেরণের জন্য বিউবোকে নির্দেশনা প্রদান করা হয়।

প্রশিক্ষণ প্রদান বাস্তবায়ন অগ্রগতিঃ (এপ্রিল/২০১৫)

প্রতিষ্ঠানের নাম	মোট কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা	জনপ্রতি ৬০ ঘন্টা হিসাবে মোট প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা	বিবেচ্য মাসে অর্জিত লক্ষ্যমাত্রা (জনঘন্টা)	বিবেচ্য মাস পর্যন্ত অর্জিত লক্ষ্যমাত্রা (জনঘন্টা)	অবশিষ্ট প্রদেয় প্রশিক্ষণকাল (জনঘন্টা)	অর্জিত লক্ষ্যমাত্রা (%)
বৈদ্যুতিক উপদেষ্টার দপ্তর	২১	১,৩২০	৯০	১,২০০	১২০	৯১
বিউবো	১৮,৪৪৮	১১,০৬,৮৮০	১৩৩৩৪৮	৮,৭৯,৫১৩	২,২৭,৩৬৭	৭৯
বাপবিবো	১৭,১৩৩	১০,২৭,৯৮০	১৬৯১০৩	১২,১৫,৩৬৫	০	১১৮
ডেসকো	১৫০০	৯,০০০০	১০৩১১	৮৩,৫৬৪	৬,৪৩৬	৯৩
ডিপিডিসি	৩,৫৩০	২,১১,৮০০	২০৩৮৫	১,৮৮,৭৭৪	২৩,০২৬	৮৯
ইজিসিবি	২৮৯	১৬,৫৪০	২৬৪	২৫,৬৯১	০	১৫৫
আরপিসিএল	২৬৫	১৫,৯০০	১৮৯৩	১৬,০২৭	০	১০১
নওপাজেকো	২৫০	১৫,০০০	২৪০৯	২১,৮২৬	০	১৪৬
এপিএসসিএল	৬২১	৩৭,২৬০	৫৯৪০	৪০,৫৫৫	০	১০৯
ওজোপাডিকো	২,৩৪১	১,৪০,৪৬০	৯১৩২	১,৩০,০৮২	১০,৩৭৮	৯৩
পিজিসিবি	২,৪০১	১,৪৪,১৬০	২১৩৩৬	১,১৭,৭২৪	২৬,৩৩৬	৮২
কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিঃ	১৫	৯০০	০	৯৯৬	০	১০০
মোট	৪৬,৮১৪	২৮,০৮,২০০	৩,৭৪,২১১	২৭,২১,৩১৭	২,৯৩,৬৬৩	৯৭

সিদ্ধান্তঃ (ক) দপ্তর/সংস্থা/কোম্পানিকে ২০১৪-১৫ অর্থ বছরে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রস্তুতকৃত ৬০ জনঘন্টা প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করতে হবে এবং প্রতি বছর ১০% হারে প্রশিক্ষণ বৃদ্ধি করতে হবে।

(খ) উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে টার্ন-কি, ইপিসি, কন্ট্রাক্ট ডকুমেন্ট, কনসেশন এগ্রিমেন্ট ও আইপিপি ডকুমেন্ট, MoU প্রস্তুত প্রভৃতি বিষয়ে একটি ট্রেনিং মডিউল তৈরি করে কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সহযোগিতায় বিউবো এ প্রশিক্ষনের আয়োজন করবে। আগামী সভায় এ বিষয়ে অগ্রগতি জানাতে হবে।

বাস্তবায়নঃ সকল দপ্তর/সংস্থা/কোম্পানি, বিদ্যুৎ বিভাগ।

আলোচ্যসূচি-১৯ আইসিটি বিষয়ক

আলোচনাঃ সভায় সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে UnifiedPMIS প্রবর্তন করার বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ডিপিডিসি এর ডেভেলপকৃত PMIS সফটওয়ারটি বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির জন্য কাস্টমাইজ করে Unified PMIS হিসেবে ব্যবহার করার নিমিত্ত ডেভেলপ করা হচ্ছে।

ডিপিডিসি হতে সভায় জানানো হয় যে, PMIS সফটওয়্যারটি সম্পূর্ণভাবে প্রস্তত হয়নি, এ জন্য আরও কয়েক মাস সময় প্রয়োজন হবে। দ্রুত PMIS সফটওয়্যারটি প্রস্তুতের কাজ সমাপ্ত করার জন্য নির্দেশনা দেয়া হয়। এ বিষয়ে আগামী সভার পূর্বে একটি অগ্রগতির প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশনা দেয়া হয়।

সিদ্ধান্তঃ ডিপিডিসি PMIS সফটওয়্যার দ্রুত প্রস্তুত করবে। বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির জন্য কাস্টমাইজ করে ডিপিডিসি'র PMIS সফটওয়্যারটি Unified PMIS হিসেবে ডেভেলপ করার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। আগামী সভার পূর্বে এ কাজ সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নঃ ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি ও প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ।

আলোচ্যসূচি-২০ শূন্যপদ

দপ্তর/সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত শূন্য পদের তথ্যঃ (এপ্রিল/২০১৫)

দপ্তর/সংস্থা/ কোম্পানির নাম	অনুমোদিত পদ	বিবেচ্য মাসের আগের মাস পর্যন্ত পুরণকৃত পদ	বিবেচ্য মাসে শূন্যপদ	বিবেচ্য মাসে পুরণকৃত পদ	অবশিষ্ট শূন্যপদ
বৈদ্যুতিক উপদেষ্টার দপ্তর	৩৩	২১	১২	০	১২
বিউবো	২০,৬৪৩	১৭,৮৯২	০	৭	২,৭৫১
বাপবিবো	১,২১৯	১,০০৪	২১৫	৫	২১০
ডেসকো	১,৬৮০	১,৫০৪	১৮০	০	১৮০
ডিপিডিসি	৫,৭৩১	৫,২৯২	৪৩৯	০	৪৩৯
ইজিসিবি	৫৫৫	৩২২	২৩৩	২	২৩১
আরপিসিএল	৩৫৯	২৬৬	৯২	১	৯৮
নওপাজেকো	৫২৮	৩৮৬	১৪২	১৮	১২৪
এপিএসসিএল	৭৮৪	৬৩০	১৬৩	৬২১	১৬৩
ওজোপাডিকো	২৬৯৮	২,৩৩৯	৬	০	৩৬৫
পিজিসিবি	৩,১৩০	২,৩৭০	৪	০	৭৬৪
মোট	৩৭,৩৬০	৩২,০২৬	১,৪৮৬	৬৫৪	৫,৩৩৭

আলোচনা: দপ্তর/সংস্থা/কোম্পানির শূন্য পদ পুরণের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্নের নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ সকল দপ্তর/সংস্থা/কোম্পানি জনবল শূন্যপদে নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্নকরণের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করতঃ বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। শূন্যপদ পূরণের শ্রেণীভিত্তিক তথ্য ছকে এ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নঃ দপ্তর/সংস্থা/কোম্পানি।

আলোচ্যসূচি-২১ বিবিধ

(ক) যে সকল সংস্থা/ কোম্পানির Vendors Agreement/MOU স্বাক্ষরিত হয়েছে এবং যে সকল সংস্থা/কোম্পানির Vendors Agreement/MOU স্বাক্ষরিত হয়নি তার তালিকাসহ তথ্য বিউবো বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব এ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থা ও কোম্পানিসমূহকে নিয়ে সভা করে এ বিষয়ে কোন সমস্যা থাকলে তা' নিষ্পত্তি করে দ্রুত Vendors Agreement/MOU স্বাক্ষরের ব্যবস্থা করবেন।

(খ) আশুগঞ্জ পাওয়ার স্টেশনে পিজিসিবি দ্রুত ১৩২ কেভি সাব-স্টেশন নির্মাণ করবে।

অতঃপর, আর কোন আলোচনা না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-১৯-০৫-২০১৫
(মনোয়ার ইসলাম)
সচিব